রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৬, ২০২৫

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**আইন ডিভিশন**
**সিএমআরআরসি ডিপার্টমেন্ট**
**রেগুলেটরী সেকশন**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ অক্টোবর ২০২৫

নং **৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০৩৫১.১৬.৯৬.২৭২.১৫৮**—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ধারা ২৪ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পূর্ব প্রকাশের পর, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ শিক্ষার উন্নয়ন ও প্রশিক্ষণ) বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল:

উপরিউক্ত বিধিমালার,—

বিধি ১৫ এর উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে :—

"(২) কমিশন হইতে একজন নির্বাহী পরিচালক ও একজন পরিচালককে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মচারী চাকরি বিধিমালা, ২০২১ এর সংশ্লিষ্ট শর্ত পরিপালন সাপেক্ষে যথাক্রমে মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক পদে পদায়ন করা হইবে:

তবে শর্ত থাকে যে, যদি কোনো কারণবশতঃ কমিশন উহার কর্মকর্তাদের মধ্য হইতে মহাপরিচালক এবং অতিরিক্ত মহাপরিচালক পদে পদায়ন করিতে না পারে, তাহা হইলে বোর্ড, কমিশনের পূর্বানুমোদনক্রমে, উপযুক্ত কোনো ব্যক্তিকে প্রযোজ্য শর্তসাপেক্ষে মহাপরিচালক ও অতিরিক্ত মহাপরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ দান করিতে পারিবে।"।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে

**খন্দকার রাশেদ মাকসুদ**
চেয়ারম্যান।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০